FOR GOD AND COUNTRY

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## First Term Test – 2018

**Sub:** Bengali Grammar & Comp | **Class: VI** | **F. M. – 90+10 = 100**

**Duration: 2 Hrs 30mins** | **Date: 24.04.18**

- বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিষ্কার ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারে।
- উত্তরপত্রে প্রশ্ন লেখবার প্রয়োজন নেই

### বিভাগ-ক (২৫)

১) সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ (৫ × ১ = ৫)

| | |
|---|---|
| ১.১) | বাংলা বর্ণমালায় স্বরবর্ণ আছে- ১) ১টি ২) ১০টি ৩) ১১টি ৪) ১৫টি |
| ১.২) | ড এবং ঢ এর উচ্চারণ স্থান হল- ১) কণ্ঠ ২) তালু ৩) মূর্ধা ৪) দন্ত |
| ১.৩) | গ এবং ঘ এর উচ্চারণ স্থান হল- ১) কণ্ঠ ২) তালু ৩) দন্ত ৪) মূর্ধা |
| ১.৪) | দ এবং ধ এর উচ্চারণ স্থান হল- ১) তালু ২) মূর্ধা ৩) দন্ত ৪) কণ্ঠ |
| ১.৫) | ব এবং ভ এর উচ্চারণ স্থান হল- ১) মূর্ধা ২) দন্ত ৩) ওষ্ঠ ৪) কণ্ঠ |

২) একটি শব্দে উত্তর দাওঃ (৫ × ১ = ৫)

| | |
|---|---|
| ২.১ | যৌগিক স্বর কয়টি? |
| ২.২ | ও এবং ঔ কি জাতীয় স্বর? |
| ২.৩ | অ এবং উ কি জাতীয় স্বর? |
| ২.৪ | ক থেকে ম পর্যন্ত পঁচিশটি বর্ণকে কি বর্ণ বলা হয়? |
| ২.৫ | যে স্বরধ্বনি উচ্চারণ করতে বেশি সময় লাগে তাকে কি বলে? |

৩) বাঁদিকের শব্দের সাথে ডানদিকের সমার্থক শব্দ মিলিয়ে পাশাপাশি লেখ (৫ × ১ = ৫)

| | বাঁদিক | | ডানদিক |
|---|---|---|---|
| ক) | তনু | ক) | কুন্তল |
| খ) | নেত্র | খ) | ভুজ |
| গ) | বাহু | গ) | ললাট |
| ঘ) | অলক | ঘ) | নয়ন |
| ঙ) | ভাল | ঙ) | কায়া |

৪) শূন্যস্থানগুলিতে নীচে দাগ দেওয়া শব্দের উপযুক্ত বিপরীত শব্দ বসাওঃ (৫ × ১ = ৫)

| | |
|---|---|
| ৪.১ | মানুষের <u>উপকার</u> না করতে পার কিন্তু ................................. কোরো না। |
| ৪.২ | আমাদের <u>আয়</u> অনুসারে ................................. করা উচিত। |
| ৪.৩ | বিয়েবাড়িতে <u>আমিষ</u> ................................. দুরকম খাবারেরই ব্যবস্থা ছিল। |
| ৪.৪ | <u>কৃত্রিম</u> জীবনকে ............................ করে তুলতে হলে পরিশ্রমের প্রয়োজন। |
| ৪.৫ | পূজোর সময় <u>ছোট</u> ............................ সবাই আনন্দে মেতে ওঠে। |

৫) নীচের বাক্যগুলির সত্য/মিথ্যা বিচার করে পাশে লেখঃ (৫ × ১ = ৫)

| | |
|---|---|
| ৫.১ | শব্দের সাথে বিভক্তি যুক্ত হলে পদ গঠিত হয়। |
| ৫.২ | প্রত্যেক শুদ্ধ বাক্যে একটি কর্তা ও একটি অসমাপিকা ক্রিয়া অবশ্যই থাকবে। |
| ৫.৩ | সার্থকবাক্য ব্যাকরণসম্মত, যুক্তিগ্রাহ্য ও আকাঙ্ক্ষাহীন হবে। |
| ৫.৪ | যে পদের দ্বারা উদ্দেশ্য পদটি প্রসারিত হয় তাকে উদ্দেশ্য-প্রসারক বলে। |
| ৫.৫ | সাধুরীতি ও চলিতরীতির মাধ্যমে মনের ভাব লিখে প্রকাশ করা যায়। |

## বিভাগ-খ (২৫)

১) নীচের বিশেষ্য পদগুলিকে বিশেষণ পদে পরিবর্তিত করে বাক্যে প্রয়োগ করঃ (৫ × ২ = ১০)

| | | | | |
|---|---|---|---|---|
| ২.১) পৃথিবী | ২.২) বন | ২.৩) নগর | ২.৪) শীত | ২.৫) দিন |

২) যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাওঃ (৫ x ৩ = ১৫)

| | |
|---|---|
| ২.১) | বাক্য কাকে বলে? সার্থক বাক্য গঠন করতে বাক্যের কি কি গুণ থাকা দরকার? |
| ২.২) | বাক্যের কটি অংশ? অংশগুলি কি কি উদাহরণ সহ লেখ। |
| ২.৩) | একটি ছোট সরল বাক্যকে কিভাবে বড় সরল বাক্যে পরিণত করা যায় একটি উদাহরণ সহ লেখ। |
| ২.৪) | লিঙ্গ কাকে বলে? লিঙ্গ কয়প্রকার ও কি কি? প্রত্যেক প্রকার লিঙ্গের একটি করে উদাহরণ দাও। |
| ২.৫) | ব্যাকরণ শব্দটির অর্থ কী? ব্যাকরণ কাকে বলে? আমরা ব্যাকরণ কেন পড়ি? |
| ২.৬) | বিশেষ্যপদ কাকে বলে? বিশেষ্যপদ কয়প্রকার ও কি কি? |
| ২.৭) | ধ্বনি ও বর্ণের মধ্যে তিনটি পার্থক্য উল্লেখ কর। |

## বিভাগ-গ (৪০)

১) সাধুভাষা ও চলিতভাষা কাকে বলে উদাহরণ সহ লেখ। সাধুভাষা ও চলিতভাষার বৈশিষ্ট কি কি? (৩+৩+২+২=১০)

২) যে কোনো একটি চিঠি লেখঃ (১৪)

(ক) তুমি কি কি কাজ করে আনন্দ পাও সেই শখের কাজগুলি সম্পর্কে ছোট ভাইকে একটি চিঠি লেখ।

(খ) তোমার দেখা মেলা সম্পর্কে দাদাকে একটি চিঠি লেখ।

৩) যে কোনো একটি অনুচ্ছেদ লেখঃ (১৫০ শব্দে) (১৬)

(ক) তোমার বিদ্যালয়ের প্রার্থনাসভা। (খ) সপ্তাহের প্রিয় দিন। (গ) উপহার।

Alpana Majumdar 25.4.18

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## First Term Test – 2018

**Sub:** Bengali Grammar & Comp **Class: VI** **F. M. – 90+10 = 100**

**Duration: 2 Hrs 30 mins** **Date: 24.04.18**

- বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিষ্কার ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারে।
- উত্তরপত্রে প্রশ্ন লেখবার প্রয়োজন নেই

### বিভাগ-ক (২৫)

১) সঠিক উত্তরটি নির্বাচন করে লেখঃ (৫ × ১ = ৫)

| | |
|---|---|
| ১.১) | বাংলা বর্ণমালায় স্বরবর্ণ আছে- ৩) ১১টি |
| ১.২) | ড এবং ঢ এর উচ্চারণ স্থান হল- ৩) মূর্ধা |
| ১.৩) | গ এবং ঘ এর উচ্চারণ স্থান হল- ১) কণ্ঠ |
| ১.৪) | দ এবং ধ এর উচ্চারণ স্থান হল- ৩) দন্ত |
| ১.৫) | ব এবং ভ এর উচ্চারণ স্থান হল- ৩) ওষ্ঠ |

২) একটি শব্দে উত্তর দাওঃ (৫ × ১ = ৫)

| | | |
|---|---|---|
| ২.১ | যৌগিক স্বর কয়টি? | দুটি |
| ২.২ | ও এবং ঔ কি জাতীয় স্বর? | দীর্ঘস্বর |
| ২.৩ | অ এবং উ কি জাতীয় স্বর? | হ্রস্বস্বর / মৌলিকস্বর |
| ২.৪ | ক থেকে ম পর্যন্ত পঁচিশটি বর্ণকে কি বর্ণ বলা হয়? | স্পর্শবর্ণ / বর্গীয়বর্ণ |
| ২.৫ | যে স্বরধ্বনি উচ্চারণ করতে বেশি সময় লাগে তাকে কি বলে? | দীর্ঘস্বর |

৩) বাঁদিকের শব্দের সাথে ডানদিকের সমার্থক শব্দ মিলিয়ে পাশাপাশি লেখ (৫ × ১ = ৫)

| | বাঁদিক | | ডানদিক |
|---|---|---|---|
| ক) | তনু | ক) | কায়া |
| খ) | নেত্র | খ) | নয়ন |
| গ) | বাহু | গ) | ভুজ |
| ঘ) | অলক | ঘ) | কুন্তল |
| ঙ) | ভাল | ঙ) | ললাট |

৪) শূন্যস্থানগুলিতে নীচে দাগ দেওয়া শব্দের উপযুক্ত বিপরীত শব্দ বসাওঃ (৫ × ১ = ৫)

| | |
|---|---|
| ৪.১ | মানুষের উপকার না করতে পার কিন্তু .................**অপকার**................. কোরো না। |
| ৪.২ | আমাদের আয় অনুসারে ...............**ব্যয়**.................... করা উচিত। |
| ৪.৩ | বিয়েবাড়িতে আমিষ .................**নিরামিষ**................. দুরকম খাবারেরই ব্যবস্থা ছিল। |
| ৪.৪ | কৃত্রিম জীবনকে ...........**স্বাভাবিক**................. করে তুলতে হলে পরিশ্রমের প্রয়োজন। |
| ৪.৫ | পূজোর সময় ছোট ..............**বড় / বড়ো**.............. সবাই আনন্দে মেতে ওঠে। |

৫) নীচের বাক্যগুলির সত্য/মিথ্যা বিচার করে পাশে লেখঃ (৫ × ১ = ৫)

| | | |
|---|---|---|
| ৫.১ | শব্দের সাথে বিভক্তি যুক্ত হলে পদ গঠিত হয়। | সত্য |
| ৫.২ | প্রত্যেক শুদ্ধ বাক্যে একটি কর্তা ও একটি অসমাপিকা ক্রিয়া অবশ্যই থাকবে। | মিথ্যা |
| ৫.৩ | সার্থক বাক্য ব্যাকরণসম্মত, যুক্তিগ্রাহ্য ও আকাঙ্খাহীন হবে। | সত্য |
| ৫.৪ | যে পদের দ্বারা উদ্দেশ্য পদটি প্রসারিত হয় তাকে উদ্দেশ্য-প্রসারক বলে। | সত্য |
| ৫.৫ | সাধুরীতি ও চলিতরীতির মাধ্যমে মনের ভাব লিখে প্রকাশ করা যায়। | সত্য |

## বিভাগ-খ (২৫)

১) নীচের বিশেষ্য পদগুলিকে বিশেষণ পদে পরিবর্তিত করে বাক্যে প্রয়োগ করঃ (৫ × ২ = ১০)

| | | | | |
|---|---|---|---|---|
| ১) পৃথিবী - পার্থিব | ২) বন – বন্য | ৩) নগর – নাগরিক | ৪) শীত - শীতল | ৫) দিন – দৈনিক |

২) যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাওঃ (৫ x ৩ = ১৫)

| | | উত্তর |
|---|---|---|
| ২.১) | বাক্য কাকে বলে? সার্থক বাক্য গঠন করতে বাক্যের কি কি গুণ থাকা দরকার? | যে পদ বা পদসমষ্টি পাশাপাশি সম্পর্ক যুক্ত হয়ে বসে মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করে, তাকে বাক্য বলে। উদাহরণ – পাখি আকাশে ওড়ে।<br>সার্থক বাক্য গঠন করতে বাক্যের তিনটি গুণ থাকা দরকার। বাক্যকে ব্যাকরণ সম্মত, যুক্তিগ্রাহ্য ও আকাঙ্খাহীন হতে হবে। |
| ২.২) | বাক্যের কটি অংশ? অংশগুলি কি কি উদাহরণ সহ লেখ। | বাক্যের দুটি অংশ – উদ্দেশ্য ও বিধেয়। উদাহরণ – রাজা দেশ শাসন করেন। রাজা – উদ্দেশ্য; দেশ শাসন করেন – বিধেয়। |
| ২.৩) | একটি ছোট সরল বাক্যকে কিভাবে বড় সরল বাক্যে পরিণত করা যায় একটি উদাহরণ সহ লেখ। | ছোট সরল বাক্যকে তার উদ্দেশ্য ও বিধেয় পদ দুটিকে অন্য কোন পদের দ্বারা সম্প্রসারিত করলে তবে বড় সরল বাক্যে হবে।<br>উদাহরণ – বসন্তের (উদ্দেশ্য সম্প্রসারণ) কোকিল (উদ্দেশ্য) মিষ্টি সুরে (বিধেয় সম্প্রসারণ) ডাকছে (বিধেয়) |
| ২.৪) | লিঙ্গ কাকে বলে? লিঙ্গ কয়প্রকার ও কি কি? প্রত্যেক প্রকার লিঙ্গের একটি করে উদাহরণ দাও। | যে চিহ্ন বা লক্ষণের দ্বারা কোন শব্দের স্ত্রী, পুরুষ বা অপ্রাণি বাচক বস্তুর বোধ জন্মায় তাকে লিঙ্গ বলে। লিঙ্গ চার প্রকার।<br>পুংলিঙ্গ – রাজা, স্ত্রীলিঙ্গ – মা, উভয়লিঙ্গ – শিশু, ক্লীবলিঙ্গ – জল। |
| ২.৫) | ব্যাকরণ শব্দটির অর্থ কী? ব্যাকরণ কাকে বলে? আমরা ব্যাকরণ কেন পড়ি? | শব্দের অর্থ হল বিশেষরূপে বিশ্লেষণ করা। ব্যাকরণ হল সেই গ্রন্থ যাতে কোন লিখতে পড়তে ও বলতে পারার নিয়মাবলী লেখা থাকে। ব্যাকরণ পাঠ করলে ভাষাকে সুন্দর ভাবে ও নির্ভুল ভাবে প্রয়োগ করতে পারি। |
| ২.৬) | বিশেষ্যপদ কাকে বলে? বিশেষ্যপদ কয় ও কি কি? | যে পদের দ্বারা কোন ব্যক্তি, বস্তু, জাতি সমষ্টি, গুণ ও ক্রিয়ার নাম বোঝায় তাকে বলে।<br>উদাহরণ – আমি কলকাতায় থাকি।<br>বিশেষ্যপদ ছয় প্রকার<br>১) সংজ্ঞাবাচক বিশেষ্য ২) বস্তুবাচক বিশেষ্য ৩) জাতিবাচক বিশেষ্য ৪) সমষ্টিবাচক বিশেষ্য ৫) গুণবাচক বিশেষ্য ৬) ক্রিয়াবাচক বিশেষ্য |
| ২.৭) | ধ্বনি ও বর্ণের মধ্যে তিনটি পার্থক্য উল্লেখ কর। | ১) ধ্বনি হল উচ্চারণের বিষয় - বর্ণ হল লেখার বিষয়।<br>২) ধ্বনিকে চেনায় কান – বর্ণকে চেনায় চোখ।<br>৩) ধ্বনির জন্ম আগে - বর্ণের জন্ম পরে। |

## বিভাগ-গ (৪০)

**১) সাধুভাষা ও চলিতভাষা কাকে বলে উদাহরণ সহ লেখ। সাধুভাষা ও চলিতভাষার বৈশিষ্ট কি কি?** **(৩+৩+২+২=১০)**

সংস্কৃত, আরবী, ফারসী শব্দবহুল, গুরুগম্ভীর যে বাংলাভাষা আগেকার দিনে লেখার কাজে ব্যবহৃত হত তাকে সাধুভাষা বলে । এই ভাষায় সম্প্রসারিত ক্রিয়াপদ ও সর্বনাম ব্যবহৃত হয়। উদাহরণ – তাহারা উদ্যানে ক্রীড়া করিতেছে (খেলিতেছে)।

ভাগীরথী – হুগলী নদীর তীরবর্তী নবদ্বীপ – শান্তিপুর এবং কলকাতার প্রচলিত কথ্য ভাষাকে চলিতভাষা বলে। এর বৈশিষ্ট্য হল এই ভাষায় সংক্ষিপ্ত ক্রিয়াপদ ও সর্বনাম ব্যবহৃত হয়। উদাহরণ – তারা মাঠে খেলছে।

**২) যে কোনো একটি চিঠি লেখঃ** **(১৪)**

| | |
|---|---|
| (ক) তুমি কি কি কাজ করে আনন্দ পাও সেই কাজগুলি সম্পর্কে ছোট ভাইকে একটি চিঠি লেখ | চিঠি লেখার সাতটি নিয়ম মেনে চিঠি লিখতে হবে। তোমার শখের বিষয় গুলি কি কি এবং তা তুমি কখন কিভাবে করে থাকো সেই সম্পর্কে ছোট ভাইকে চিঠিতে জানাবে। |
| (খ) তোমার দেখা মেলা দাদাকে একটি চিঠি লেখ | চিঠি লেখার সাতটি নিয়ম মেনে চিঠি লিখতে হবে। মেলার স্থান, বিষয় প্রভৃতি বিষয় নিয়ে দাদাকে চিঠি লিখতে হবে। |

**৩) যে কোনো একটি অনুচ্ছেদ লেখঃ (১৫০ শব্দে)** **(১৬)**

| | |
|---|---|
| (ক) তোমার বিদ্যালয়ের প্রার্থনাসভা | বিদ্যালয়ের প্রার্থনাসভা কিভাবে পালিত হয় সেই সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখতে হবে। |
| (খ) সপ্তাহের প্রিয় দিন | সপ্তাহে তোমার প্রিয় দিনটি তুমি কিভাবে কাটিয়ে থাকো সেই সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখতে হবে। |
| (গ) উপহার | উপহার সম্পর্কে আমাদের প্রচলিত ধারণা ; উপহার দেওয়া নেওয়ার প্রচলিত নিয়ম ; শ্রেষ্ঠ উপহার সম্পর্কে প্রকৃত ধারণা । এই বিষয়গুলি নিয়ে একটি অনুচ্ছেদ লিখতে হবে। |